DEC. 22 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ........................
পৃঃ ৭ কলাম ৪

# দহগ্রাম-আঙ্গরপোতার ছেলেমেয়েরা উচ্চ শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত

পাটগ্রাম (লালমনিরহাট) থেকে সংবাদদাতা ।। লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলার দহগ্রাম-আঙ্গুরপোতা ছিটমহলের প্রায় ১৫ হাজার অধিবাসীর সন্তানরা উচ্চ শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। দীর্ঘদিনেও ঐ এলাকার লোকজনের ভাগ্যের কোন উন্নয়ন হয়নি। শত বাধা-বিপত্তির মাঝেও এলাকার লোকজন তাদের সন্তানদের শিক্ষার আলোয় আলোকিত করতে চেষ্টা করেও ব্যর্থ হচ্ছে। দহগ্রাম ছিটমহলে ছাত্র/ছাত্রীদের উচ্চশিক্ষার জন্য একটি মাত্র উচ্চ-বিদ্যালয়। ৩৫০ জন ছাত্র/ছাত্রী ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণীতে লেখাপড়া করছে। বিদ্যালয়টি প্রতিষ্ঠার ২৬ বছর পেরিয়ে গেলেও উন্নয়নের কোন ছোঁয়া লাগেনি। নানা সমস্যায় জর্জরিত হয়ে বিদ্যালয়ের পরিবেশ ব্যাহত হচ্ছে। বিদ্যালয়ে যৎসামান্য আর্থিক অনুদান, বিদ্যালয় সরকারীকরণ, শিক্ষার প্রয়োজনীয় উপকরণ, ক্লাসরুম, বিজ্ঞান ভবন, বিদ্যালয়ে প্রশাসনিক ব্যবস্থার উন্নয়ন ছাত্র-ছাত্রীদের খেলাধুলার উপকরণ ছাড়াও প্রধান শিক্ষকের কক্ষ, শিক্ষক মিলনায়তনসহ আসবাবপত্রের সমস্যা প্রকট। প্রতিশ্রুতি সত্ত্বেও বিদ্যালয়টি জাতীয়করণ করা হয়নি।

ছাত্র-ছাত্রীরা গাদাগাদি করে স্কুলের মেঝেতে বসে ক্লাস করছে। শুধুমাত্র ফ্যাসিলেটিজ বিভাগের ৮ লক্ষ টাকা ব্যয়ে একটি একাডেমিক ভবন নির্মাণ করা হয়েছে। বিদ্যালয়ে দীর্ঘ ৬ বছর ধরে কোন আহ্বায়ক কমিটি নেই। উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে শিক্ষক, কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলন করা হচ্ছে। নানাবিধ সমস্যায় জর্জরিত বিদ্যালয়ে শিক্ষক সংকট রয়েছে।

বর্তমানে বিদ্যালয়ে মাত্র ১২জন শিক্ষক, কর্মচারী রয়েছে। সমস্যা মোকাবেলা করে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা তাদের মেধার স্বাক্ষর রেখেছে।

এলাকায় সচেতন ব্যক্তিরা জানান, অবহেলিত দহগ্রামবাসীর সন্তানদের জীবন থেকে শিক্ষার আলো যাতে হারিয়ে না যায় সে জন্য বিদ্যালয়টির সংস্কার ও উন্নয়ন জাতীয়করণসহ বিভিন্ন সমস্যা সমাধানে সরকারের আশু হস্তক্ষেপ প্রয়োজন।